

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
শাখা-৮ (ভোকেশনাল-৩)
এফ-৪/বি, আগারগাঁও ঢাকা।

ওয়েব সাইড: www.techedu.gov.bd.

স্মারক নং- ৩৭.০৩.০০০০.০৯৪.৩১.৯৮২.২০১৭- ২৪৬

তারিখঃ ২৬/০৩/২০১৭খ্রিঃ

বিষয় : রাজশাহী জেলাধীন বাগমারা উপজেলার বাগমারা টেকনিক্যাল ভোকেশনাল স্কুল এর এসএসসি(ভোক) শাখার সুপারিনটেনডেন্ট পদে জনাব এস.এম মজিবুর রহমান-এর শিক্ষাগত যোগ্যতার ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং(মেকানিক্যাল) সনদ ভূয়া/জালিয়াতি সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, রাজশাহী জেলাধীন বাগমারা উপজেলার বাগমারা টেকনিক্যাল ভোকেশনাল স্কুল এর এসএসসি(ভোক) শাখার সুপারিনটেনডেন্ট পদে জনাব এস.এম মজিবুর রহমান-এর এমপিও ভুক্তির আবেদন অত্র দপ্তরে পাওয়া যায়। তাঁর আবেদন যাচাই-বাছাই করে এমপিও প্রদান সংক্রান্ত কমিটির সভায় উপস্থাপন করা হয়। সভার সিদ্ধান্ত মোতাবেক তাঁর দাখিলকৃত সংশ্লিষ্ট বিষয়ে ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং সনদ অত্র দপ্তর স্মারক নং ৩৭.০৩.০০০০.০৯২.২০১৬-১৩০ তারিখঃ ১৩/০২/২০১৭খ্রিঃ মোতাবেক বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক যাচাই এর জন্য প্রেরণ করা হয়।

- ২। বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের স্মারক নং-বাকশিবো/উপ-পঃ নিঃ(সনদ)/২০১৭/২৫১৩ তারিখঃ ০১/০৩/২০১৭খ্রিঃ মূলে সনদ (সিরিঃ নং-০৪২৬৩১৫, রেজিঃ ১৯৯২২৮, রোলঃ ১৬০০৮৯, পাসের সন ২০০৬খ্রিঃ) যাচাই করে ভূয়া/জালিয়াতি মর্মে প্রতিবেদন প্রেরণ করেন।
- ৩। ২০১০ জনবল কাঠামো (মার্চ/২০১৩ পর্যন্ত) সংশোধিত ১৮(১) (ঘ) ধারা মোতাবেক এমপিও ভুক্তির জন্য ভূয়া/জাল শিক্ষাগত যোগ্যতার সনদ/নিবন্ধন সনদ প্রদান, ভূয়া/জাল নিয়োগ সংক্রান্ত রেকর্ড প্রদান, মহিলা কোটা অনুসরণ ব্যতিত শিক্ষক নিয়োগ প্রদান এবং প্যারটার্ন বহির্ভূত পদে এমপিও এর জন্য আবেদন প্রেরণ করলে প্রতিষ্ঠান প্রধানের বেতন-ভাতা স্থগিত করা হবে মর্মে-উল্লেখ রয়েছে।
- ৪। এমপিও ভুক্তির জন্য ভূয়া/জাল শিক্ষাগত যোগ্যতার সনদ প্রেরণ করে উক্ত প্রতিষ্ঠান প্রধান, জনবল কাঠামো ১৮(১) (ঘ) ধারার শর্ত ভঙ্গ করেছেন।
- ৫। তার (এস.এম মজিবুর রহমান) এর এমপিও ভুক্তির আবেদন বিষয়ে তথ্যের গড়মিল থাকায় তা যাচাইয়ের কাজে সহযোগিতার জন্য অত্র দপ্তর স্মারক নং-৩৭.০৩.০০০০.০৯২.৩১.১৭-২০০ তারিখঃ ০৬/০৩/২০১৭খ্রিঃ মূলে পত্র প্রেরণ করা হয়। এ সংক্রান্ত পত্রের বিষয়ে তিনি নির্ধারিত তারিখে উপস্থিত থেকে যাচাইকাজে কোন সহযোগিতা করেননি। যা অসদাচরনের সামিল।
- ৬। এমতাবস্থায়, তাঁর বেতন-ভাতা বন্ধসহ সংশ্লিষ্টদের বিরুদ্ধে কেন ফৌজদারী কার্যবিধি অনুযায়ী মামলা করা হবে না তা পত্র প্রাপ্তির ০৭(সাত) কর্ম দিবসের মধ্যে অত্র দপ্তরে উপযুক্ত প্রমানকসহ ব্যাখ্যা প্রদানের জন্য অনুরোধ করা হল।

(মোঃ মিজানুর রহমান)
২২.৬.২০১৭
যুগ্ম-সচিব

ও
পরিচালক (ভোকেশনাল)
কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

প্রাপকঃ
প্রধান শিক্ষক
বাগমারা টেকনিক্যাল ভোকেশনাল স্কুল
বাগমারা, রাজশাহী

স্মারক নং- ৩৭.০৩.০০০০.০৯৪.৩১.৯৮২.২০১৭- ২৪৬(০৭)

সদয় অবগতির জন্য অনুলিপি :

- ১। জেলা প্রশাসক, রাজশাহী।
- ২। উপসচিব (কারিগরি-১/২), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। জেলা শিক্ষা অফিসার, রাজশাহী।
- ৪। সভাপতি, বাগমারা টেকনিক্যাল ভোকেশনাল স্কুল, বাগমারা, রাজশাহী।
- ৫। ভারপ্রাপ্ত কর্মকর্তা, ইএমআইএস সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ৬। পি.এ. টু মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৭। সংরক্ষণ নথি।

(মোহাম্মদ আতিকুর রহমান)
সহকারী পরিচালক (এমপিও)
কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।